

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
ইরেসপো-২য় পর্যায়
পল্লী ভবন (৬ষ্ঠ তলা), ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫

স্মারক নং- ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.০০.৬২২.১০৮

তারিখঃ ৩১/০১/২২ খ্রিষ্টাব্দ

বিষয় : নির্ধারিত সময়ের মধ্যে মাসিক অগ্রগতির প্রতিবেদন প্রেরণ না করার জন্য ব্যাখ্যা তলব।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন “দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (ইরেসপো)-২য় পর্যায়” প্রকল্পের অঙ্গাভিত্তিক মাসিক অগ্রগতির তথ্য সরকারের বিভিন্ন দপ্তর/সংস্থা/কর্তৃপক্ষের নিকট প্রেরণ করতে হয়। কিন্তু আপনার উপজেলা হতে মাসিক অগ্রগতির প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে না পাওয়ায় বিভিন্ন দপ্তর/সংস্থা/কর্তৃপক্ষের নিকট তা প্রেরণ করা সম্ভব হয় না। আপনার এ ধরনের কার্যকলাপের ফলে বিভিন্ন দপ্তর/সংস্থা/কর্তৃপক্ষের নিকট ইরেসপো প্রকল্পের ভাবমূর্তি চরমভাবে ক্ষুন্ন হচ্ছে। যার ফলে প্রকল্পের অভীষ্ট লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব হবে না। তাছাড়া আপনার দায়িত্ব ও কর্তব্যকাজে অবহেলা, গাফেলতি, অযোগ্যতা ও অদক্ষতার কারণে এমনটি হচ্ছে বলে প্রতীয়মান হয়।

এমতাবস্থায়, নির্ধারিত সময়ের মধ্যে মাসিক অগ্রগতির প্রতিবেদন প্রেরণ না করার জন্য দায়িত্ব ও কর্তব্যকাজে অবহেলা, গাফেলতি, অযোগ্যতা ও অদক্ষতার অভিযোগে অভিযুক্ত করে কেন আপনার বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে না তার জবাব যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আগামী ০৮/০২/২০২২ খ্রিষ্টাব্দ তারিখের মধ্যে দাখিল করার জন্য নির্দেশ দেওয়া হলো।

মুহাম্মদ মাহবুব আলম
উপপ্রকল্প পরিচালক

জনাব হাফিজুর রহমান
সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো)
বিআরডিবি, দুমকী, পটুয়াখালী।

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১. উপপরিচালক, বিআরডিবি, পটুয়াখালী।
২. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৩. প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৪. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, দুমকী, পটুয়াখালী।
৫. পরিচালক (সরেজমিন) এর একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৬. অফিস নথি।